উদাসিনী বেশে বিদেশিনী কে সে নাইবা তাহারে জানি,
রঙে রঙে লিখা আঁকি মরীচিকা মনে মনে ছবিখানি ॥
পুবের হাওয়ায় তরীখানি তার এই ভাঙা ঘাট কবে হল পার
দূর নীলিমার বক্ষে তাহার উদ্ধত বেগ হানি ॥
মুগ্ধ আলসে গণি একা বসে পলাতকা যত ঢেউ ।
যারা চলে যায় ফেরে না তো হায় পিছু-পানে আর কেউ ।
মনে জানি কারো নাগাল পাব না— তবু যদি মোর উদাসী ভাবনা
কোনো বাসা পায় সেই দুরাশায় গাঁথি সাহানায় বাণী ॥

---

Parjaay: Prem, Taal: Kaharwa, Raag: Mishra-Kedara
Visit www.geetabitan.com for notation and other detail